# অনার্স ১ম বর্ষ ভর্তির নিয়মাবলি:

সাভার সরকারি কলেজে অনার্স ১ম বর্ষ ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রথম মেধাতালিকায় নির্বাচিতদের ভর্তি কার্যক্রম চলবে ২১/০৬/২০২২ থেকে ২৭/০৬/২০২২ তারিখ পর্যন্ত।

সাভার সরকারি কলেজে অনার্স ১ম বর্ষে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্বাচিত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রতি প্রয়োজনীয় নির্দেশনা নিচে দেওয়া হলো:

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে NU ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
২. NU ভর্তি ফরম (কলেজ কপি), ৪ কপি রঙিন ফটো, এসএসসি ও এইচএসসি এর মূল নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে (জমা দেওয়ার আগে ১ সেট ফটোকপি করে নিজের কাছে রেখে দিতে হবে)।
৩. মূল কাগজপত্র ও NU ভর্তি ফরম এক কপি জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে ২০০/- টাকা ফরম মূল্য পরিশোধ করে কলেজের ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।
৪. প্রদত্ত সকল তথ্য ও কাগজপত্রাদি যাচাই শেষে সঠিক থাকলে পেমেন্ট করার জন্য শিক্ষার্থীদেরকে কলেজ থেকে এসএমএস এর মাধ্যমে তাৎক্ষণিক ID ও Password সরবরাহ করা হবে।
৫. SMS এর মাধ্যমে প্রাপ্ত ID ও Password ব্যবহার করে www.savargc.gov.bd থেকে অনলাইনে পেমেন্ট করতে হবে।
৬. পেমেন্ট করার পর অনলাইন মানি রিসিপ্ট ডাউনলোড করে প্রিন্ট করতে হবে
৭) মানি রিসিপ্টের এক অংশ নিজের কাছে রাখতে হবে, অন্য দুই অংশ কলেজ ভর্তি ফরম (মূলকপি), NU ভর্তি ফরম (কলেজ কপি), এসএসসি ও এইচএসসি নম্বরপত্রের ফটোকপিসহ (১ সেট ফটোকপি) সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। সকল কাগজপত্র জমা দেওয়ার পর সংশ্লিষ্ট বিভাগ শিক্ষার্থীর ক্লাস রোল কলেজ ভর্তি ফরমে লিখে জমা রাখবে।

ভর্তির জন্য পেমেন্ট করার ধাপ সমূহ:
ধাপ-১: www.savargc.gov.bd ক্লিক করতে হবে।
ধাপ-২: PAYMENT ক্লিক করতে হবে।
ধাপ-৩: PAYMENT HON'S 1ST YEAR ক্লিক করতে হবে।
ধাপ-৪: SMS এর মাধ্যমে প্রাপ্ত ID ও Password দিয়ে Login করতে হবে।
ধাপ-৫: Pay Now ক্লিক করতে হবে।
ধাপ-৬: Payment Method নির্বাচন করে যেকোনো অনলাইন প্ল্যাটফর্ম থেকে পেমেন্ট করতে হবে।
ধাপ-৭: Money Receipt ক্লিক করে, মানি রিসিপ্ট ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

বিভিন্ন বিভাগে অনার্স ১ম বর্ষ ভর্তি ফি নিচে দেওয়া হলো।
১. ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি , ইসলাম শিক্ষা , রাষ্ট্রবিজ্ঞান , সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং , হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিভাগের ভর্তি ফি ৮৪৮৫/- টাকা
২. গণিত এবং প্রাণিবিদ্যা বিভাগের ভর্তি ফি ৯৯৮৫/- টাকা
৩. ভূগোল ও পরিবেশ বিভাগের ভর্তি ফি ৯৪৮৫/- টাকা

উল্লেখ্য, শুক্রবার কলেজ ভর্তি ফরম বিতরণ বন্ধ থাকবে। কিন্তু কেউ আগে কলেজ ভর্তি ফরম সংগ্রহ করে থাকলে শুক্রবার বা শনিবারও অনলাইনে ফি জমা দিতে পারবে।
শুক্রবার ছাড়া প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকেল ৩.০০টা পর্যন্ত কলেজ ভর্তি ফরম বিতরণ চলবে।
অনেক অনেক ধন্যবাদ।

21.06.2022

প্রফেসর মোঃ ইমরুল হাসান (৩৫৩০)
অধ্যক্ষ
সাভার সরকারি কলেজ